

স্মারকঃ এনএইচআরসিবি/ প্রেস বিজ্ঞ ১৩৯/১৩-১৫০

সংবাদ বিজ্ঞপ্তিঃ প্রবাসে নিহত বাংলাদেশী শ্রমিকদের লাশ গ্রহণের জন্য বিমানবন্দরে বিশেষ ডেস্ক করা আবশ্যিক

"প্রবাসে নিহত বাংলাদেশী শ্রমিকদের লাশ গ্রহণের জন্য বিমানবন্দরে বিশেষ ডেস্ক করা আবশ্যিক। কেননা, এসব মানুষের অর্জিত রেমিট্যান্সের ওপর আমাদের উন্নয়ন নির্ভর করে। যেসব দেশে প্রবাসীদের নিহত হওয়ার সংখ্যা বেশি সেসব দেশের সঙ্গে আমাদের বাগেহীন করতে হবে যে পর্যাপ্ত সুরক্ষা দিতে পারলেই কেবল আমরা কর্মী পাঠাবো।"



আজ সকাল ১১.৩০ টায় কমিশন কার্যালয়ে বাংলাদেশ জাতীয় মহিলা আইনজীবী সমিতি আয়োজিত মানবপাচারের শিকার ভুক্তভোগীদের আইনি সেবা সংক্রান্ত পরামর্শক সভায় এসব কথা বলেন কমিশন চেয়ারম্যান ড.কামাল উদ্দিন আহমেদ। পাশাপাশি, মানবপাচারের শিকার ভুক্তভোগীদের আইনি সেবা নিশ্চিত করার জন্য ভুক্তভোগী ও সাক্ষী সুরক্ষা আইন করা প্রয়োজন মর্মে তিনি উল্লেখ করেন।

সভায় বক্তব্য রাখেন কমিশনের সার্বক্ষণিক সদস্য মোঃ সেলিম রেজা; বাংলাদেশ মহিলা আইনজীবী সমিতির সভাপতি এডভোকেট সালমা আলী, কমিশনের সাবেক সদস্য ও সাবেক সিনিয়র জেলা ও দায়রা জজ জেসমিন আরা বেগম, এটসেক বাংলাদেশ এর চেয়ারপার্সন জনাব মাসুদ আলী।

ধন্যবাদান্তে,

স্বাক্ষরিত/-

ফারহানা সাদ্দীদ

উপপরিচালক

জাতীয় মানবাধিকার কমিশন